# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 21 April, 2025

শিক্ষার্থী ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ছাত্রদল নেতা জাহিদুল ইসলাম পারভেজ হত্যার প্রতিবাদে মুন্সীগঞ্জে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে ছাত্রদল। সোমবার (২১ এপ্রিল) বেলা সাড়ে ১২ টার দিকে শহরের সরকারি হরগঙ্গা কলেজের মূল ফটকের সামনে হত্যাকারী সন্ত্রাসীদের দ্রুত গ্রেপ্তার, দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের দাবীতে এ বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

সরকারি হরগঙ্গা কলেজ শাখা ছাত্রদলের আহ্বায়ক আশরাফুল ইসলাম অনিকের সভাপতিত্বে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সভাপতি আবুল হাসেম ও সাধারণ সম্পাদক জাহিদুর রহমান জামাল,সরকারি হরগঙ্গা কলেজ শাখা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক থিয়েল, ছাত্রনেতা আল হৃদয়, পারভেজ হোসেন, হীরা, সিদ্দিকুর রহমান, সাফিল আস সামিসহ অন্যান্যরা। এ সময় কলেজ শাখা ছাত্রদলের আহ্বায়ক আশরাফুল ইসলাম অনিক বলেন, ছাত্রদল নেতা পরিচয়ের আগে পারভেজ একজন ছাত্র।সেটাই তার পরিচয়, এই হত্যাকান্ডের দ্রুত বিচারের দাবি জানাই।দোষী যেই হোক তাকে দ্রুত বিচারের সম্মুখীন করা হউক।

ছাত্রদল মানববন্ধন বিক্ষোভ মিছিল পারভেজ হত্যা হত্যা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:22

URL: https://www.timestodaybd.com/dhaka/4178801216